গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

**বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর বাস্তবায়ন কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ মকবুল হোসেন |
| সভার তারিখ | : ০৯ ফেব্রুয়ারী, ২০২১ খ্রিঃ |
| সভার সময় | : বিকাল ০৩.০০ টা |
| স্থান | : যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের উদ্ভাবনী কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে ০৯/০২/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ টায় নিবন্ধক ও চিফ ইনোভেশন অফিসার, আরজেএসসি-এর সভাপতিত্বে আরজেএসসি'র ইনোভেশন টিমের সকল সদস্যদের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নের ছকে তুলে ধরা হলঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | ইনোভেশন টিমের সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নঃ<br>**ক)** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ।<br>**খ)** উদ্ভাবন কর্মপরিকল্পনা মহামারী/ আপদকাল মোকাবেলার সাথে সম্পৃক্ততা ।<br>**গ)** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ।<br>**ঘ)** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ। | **আলোচনাঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, কেবিনেটের প্রদত্ত নির্দেশনা ও ছক অনুযায়ী ২০২০-২১ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ৩০/০৭/২০২০ তারিখে প্রণয়ন করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে ০৪/০৮/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা তথ্য বাতায়নে ১০/০৮/২০২০ তারিখে প্রকাশ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্তঃ** উদ্ভাবন সংক্রান্ত সকল তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | ইনোভেশন টিম |
| ২ | ইনোভেশন টিমের সভাঃ<br>**ক)** ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান<br>**খ)** ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | **আলোচনাঃ**<br>জনাব সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস সভাকে অবহিত করেন যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী বছরে ৬ টি সভা অনুষ্ঠান করার পরিকল্পনা গৃহীত হয়েছে যার মধ্যে ৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>**সিদ্ধান্তঃ ক.** আগামী মার্চ/২১, এপ্রিল/২১ ও জুন/২১ মাসে ইনোভেশন টিমের আরো ৩ টি সভার আয়োজন করতে হবে।<br>খ.ইনোভেশন টিমের সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য মনিটরিং করার সিদ্ধান্ত নেওয়া হয় । | ইনোভেশন টিম |
| ৩ | উদ্ভাবন খাতে (কোড নম্বর-3257105) বরাদ্দঃ | **আলোচনাঃ**<br>জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ বছরে উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে মোট ১২ লক্ষ টাকা বাজেট বরাদ্দ দেয়া হয়েছে। বরাদ্দকৃত টাকা | জনাব জিকরা আমিন, প্রোগ্রামার |

| | | | |
|---|---|---|---|
| | **ক)** উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ<br>**খ)** উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় | উদ্ভাবন সংক্রান্ত কর্মশালা, সেমিনার, প্রশিক্ষন, উদ্ভাবকগণকে পুরস্কার প্রদান এবং উদ্ভাবকগণকে শিক্ষা সফরে প্রেরণের কাজে ব্যয় করতে হবে।<br><br>**সিদ্ধান্তঃ** উদ্ভাবন খাতে বরাদ্দকৃত অর্থ হতে উত্তোলিত এক লক্ষ বিশ হাজার টাকায় সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইতমধ্যে দুই দিনের প্রশিক্ষণ ও উদ্ভাবন বিষয়ে এক দিনের কর্মশালা আয়োজন করা হয়েছে ।আগামী ২৩/০২/২০২১ এবং ২৪/০২/২০২১ দুইদিনের উদ্ভাবনী প্রশিক্ষন ও ০৬/০৩/২০২১ এবং ০৭/০৩/২০২১ ইং তারিখে নলেজ শেয়ারিং প্রোগ্রাম এর পরিকল্পনা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| ৪ | সক্ষমতা বৃদ্ধিঃ<br>**ক)** উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার<br>**খ)** উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন<br>**গ)** সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন | **আলোচনাঃ**<br>বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে যার মধ্যে সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ গত ০৩/০২/২০২১ এবং ০৪/০২/২০২১ তারিখে এবং উদ্ভাবন বিষয়ে এক দিনের কর্মশালা গত ০৮/০২/২০২১ তারিখে আয়োজন করা হয়েছে।<br><br>**সিদ্ধান্তঃ** ক) সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা ১৯/০৪/২০২১ তারিখে আয়োজন করতে হবে।<br>খ) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ ২৩/০২/২০২১ এবং ২৪/০২/২০২১ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় । | ইনোভেশন টিম |
| ৫ | স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই-সংক্রান্ত কার্যক্রমঃ<br>**ক)** উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ | **আলোচনাঃ**<br>জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীগণের নিকট হতে নির্ধারিত ফরম্যাট অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করা হয়েছে এবং যাচাই-বাছাইপূর্বক উদ্ভাবনী ধারণার তালিকা(ভিডিও পোর্টাল, সেবা বুক) তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্তঃ** ক) কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক উদ্ভাবনী ধারণার তালিকা তথ্য বাতায়নে ০৩/১১/২০২০ তারিখে প্রকাশ করা হয়েছে।এ বিষয়টি আলোচ্য বিষয় হতে পরবর্তীতে বাদ দেওয়ার নির্দেশনা দেওয়া হয় । | ইনোভেশন টিম |
| ৬ | স্বীকৃতি বা প্রণোদনা প্রদানঃ<br>**ক)** উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদান<br>**খ)** উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিংপ্রোগ্রামে প্রেরণ | **আলোচনাঃ**<br>বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী উদ্ভাবন ধারণা এবং এর বাস্তবায়নে প্রশংসিত ভূমিকা পালনের জন্য উদ্ভাবকগণকে সনদপত্র/ক্রেস্ট/ পুরস্কার প্রদান করতে হবে।<br><br>**সিদ্ধান্তঃ**ক) ২০২০-২১ অর্থবছরে দুইজন সেরা উদ্ভাবককে উদ্ভাবন পুরস্কার প্রদান করার লক্ষ্যে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি বাছাই কমিটি গঠন করতে হবে ।<br>খ) আগামী ০৬/০৩/২০২১ খ্রিঃ ও ০৭/০৩/২০২১ খ্রিঃ তারিখে সিলেটে উদ্ভাবকগণের শিক্ষা সফর আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় । | ইনোভেশন টিম |

| | | | |
|---|---|---|---|
| ৭ | তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ<br>**ক)** ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/ হালনাগাদকরণ<br>**খ)**বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/ হালনাগাদকরণ<br>**গ)** বাস্তবায়িত ডিজিটাল-সেবার তথ্যআপলোড/ হালনাগাদকরণ | **আলোচনাঃ**<br>জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারের তথ্য নিয়মিত হালনাগদকরণ করা হচ্ছে।<br><br>**সিদ্ধান্তঃ** তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ করতে হবে। | জনাব জিকরা আমিন, প্রোগ্রামার |
| ৮ | ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়নঃ<br>**ক)** ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা | **আলোচনাঃ**<br>বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এ পরিদপ্তরে একটি ডিজিটাল সেবা(পেমেন্ট গেইটওয়ে) তৈরি ও বাস্তবায়ন করা হয়েছে যার ফলে সিটি ব্যাংকের অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ডেবিট/ক্রেডিট কার্ড এর মাধ্যমে ঘরে বসেই সেবার ফিস প্রদান করা সম্ভব হচ্ছে। | ইনোভেশন টিম |
| ৯ | সেবা সহজিকরণঃ<br>**ক)** ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন<br>**খ)** ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণ সারাদেশে সম্প্রসারণ/ রেপ্লিকেশন | **আলোচনাঃ**<br>জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস সভাকে অবহিত করেন যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী একটি সেবা পদ্ধতি সহজিকরণ করা হয়েছে যার ফলে বন্ধকের বিবরণী (Mortgage) বা চার্জ নিবন্ধন সার্টিফিকেট ও নিবন্ধিত কোম্পানির নাম পরিবর্তনের সার্টিফিকেট ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে আবেদনকারীর ই-মেইলে সরাসরি প্রেরণ করা হচ্ছে। তিনি আরো উল্লেখ করেন যে, গত ১৪/১০/২০২০ খ্রিঃ তারিখে এই সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ করা হয়েছে এবং সফলভাবে পাইলটিং বাস্তবায়নের পর গত ২৪/১২/২০২০ খ্রিঃ তারিখে একটি পরিপত্র জারি করাও হয়েছে। | জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস |

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাই-কে ধন্যাবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬.২.২০২১
মোঃ মকবুল হোসেন
নিবন্ধক

স্মারক নম্বর: ২৬.০৬.০০০০.০৯৩.০১.০৭২.১৯. ৬৩৮(১)

তারিখ: ১৬/০২/২০২১ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) জনাব মোঃ মকবুল হোসেন, চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম ২০২০-২১, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
২) জনাব সন্তোষ কুমার পন্ডিত, সদস্য, ইনোভেশন টিম ২০২০-২১, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর,ঢাকা।
৩) জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম, সদস্য, ইনোভেশন টিম ২০২০-২১, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর,ঢাকা।
৪) জনাব জিকরা আমিন, প্রোগ্রামার, সদস্য সচিব, ইনোভেশন টিম ২০২০-২১,যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর,ঢাকা।
৫) জনাব মুহাম্মদ সেলিম মিয়া, সদস্য, ইনোভেশন টিম ২০২০-২১, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর,ঢাকা।